



বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-বিইসিএম-৬১/২২

তারিখ : ০৫/০৩/২০২২খ্রিঃ

-ঃ বিজ্ঞপ্তি ঃ-

এতদ্বারা বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগের ১ম বর্ষ বিজোড় সেমিষ্টার (২০২০ সিরিজ) এর ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে পুনরাদেশ না দেয়া পর্যন্ত Course Advisor হিসাবে নিম্নলিখিত ছক অনুযায়ী শিক্ষকগণ দায়িত্ব পালন করবেন।

ক্রমিক নং	শিক্ষকগণের নাম	পদবী	রোল নং	সিরিজ
১.	জনাব ফারুক আব্দুল্লাহ	প্রভাষক, বিইসিএম বিভাগ	২০১২০০১ হতে ২০১২০১৫ পর্যন্ত	১ম বর্ষ সিরিজ-২০২০
২.	জনাব মোঃ আশরাফুল ইসলাম	প্রভাষক, বিইসিএম বিভাগ	২০১২০১৬ হতে ২০১২০৩০ পর্যন্ত এবং ১৬১২০২৮ ও ১৭১২০২০	১ম বর্ষ সিরিজ-২০২০

সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের সকল বিষয়ে Course Advisor এর পরামর্শক্রমে পরবর্তী কার্যক্রম গ্রহণের নির্দেশ দেওয়া যাচ্ছে।

Course Advisor নিম্নলিখিত দায়িত্ব পালন সহ আনুষঙ্গিক সকল দায়িত্ব পালন করবেন ঃ

- ১। কোর্স রেজিস্ট্রেশনের ব্যাপারে ছাত্র-ছাত্রীদের সুনির্দিষ্ট পরামর্শ প্রদান করবেন। ছাত্র-ছাত্রীদেরকে নতুন কোন বর্ষ/সেমিষ্টারের কোর্স রেজিস্ট্রেশনের সময় Undergraduate Academic Ordinance – এর ১৮ ধারা মোতাবেক নির্দিষ্ট সংখ্যক অর্জিত ক্রেডিট আছে কিনা তা যাচাই করবেন।
- ২। কোর্স রেজিস্ট্রেশনের সময় কোন ছাত্র-ছাত্রী ইতিপূর্বে কয়টি কোর্স সম্পন্ন করেছে তা পরখ করবেন যেন একই কোর্স একাধিকবার রেজিস্ট্রেশন না করে বা পরীক্ষা না দেয়।
- ৩। মিড সেমিষ্টারের পূর্বে ও শেষ ক্লাশের পূর্বে ছাত্র-ছাত্রীদের ক্লাশে উপস্থিতির হার সংগ্রহ করবেন।
- ৪। ক্লাশ টেস্টের সিডিউল সংশ্লিষ্ট চলমান সেমিষ্টারের তৃতীয় চক্রের পূর্বেই প্রস্তুত করবেন।
- ৫। মিড সেমিষ্টার ব্রেক, বোর্ড ভাইভার সময় ও পরীক্ষার সাম্ভাব্য সময়সূচী প্রস্তুত করবেন।
- ৬। পরীক্ষার ফলাফল প্রস্তুত করণের (বোর্ড ভাইভা, সেশনাল ও ক্লাস টেস্টের মার্ক সংগ্রহ) ব্যাপারে সহায়তা করবেন।
- ৭। ছাত্র-ছাত্রীদের বিভিন্ন একাডেমিক সমস্যা, ব্যাকলগ ও কোর্স সম্পর্কিত বিষয়ে আলোচনা করবেন।
- ৮। Internship ও Study Tour – আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৯। অতিরিক্ত ব্যাকলগ প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের বিষয়ে প্রয়োজনে অভিভাবকের সাথে আলোচনা করবেন।
- ১০। ছাত্র প্রতিনিধি মনোনয়ন, কো-কারিকুলাম কার্যক্রম, কাউন্সিলিং ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে দেখভাল করবেন।

স্বাক্ষরিত/-

(অধ্যাপক ড. মোঃ রবিউল আওয়াল)

বিভাগীয় প্রধান,

বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগ
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-বিইসিএম-৬১/২২

তারিখ : ০৫/০৩/২০২২খ্রিঃ

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হলো:

- ১। মাননীয় ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। ডীন, পুরকৌশল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। অফিস নথি।

(অধ্যাপক ড. মোঃ রবিউল আওয়াল)

বিভাগীয় প্রধান,

বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগ
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।